গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৯ মে, ২০২৪** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২১২-আইন/২০২৪/৬৪/কাস্টমস।-** কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩ (উক্ত আইন এর ষোড়শ অধ্যায় এবং দ্বিতীয় তফসিল এর দফা ৭, ১১, ৩২, ৩৫ এর সহিত পঠিতব্য) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম ও প্রবর্তন।-** (১) এই বিধিমালা সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) আইনের ধারা ২৬৩ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্যপুরণকল্পে, এই বিধিমালা আইন বাস্তবায়নের সঙ্গে সঙ্গে কার্যকর করা প্রয়োজন বিধায় এই বিধিমালা ৬ জুন, ২০২৪ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) **"আইন"** অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) **"আমদানি প্রাপ্যতা"** অর্থ অনুমোদিত মেশিনের বার্ষিক উৎপাদন ক্ষমতা অনুযায়ী এবং কাঁচামাল ব্যবহারের পরিমাণ বিবেচনাপূর্বক ওয়্যারহাউসিং সুবিধায় আমদানিযোগ্য কাঁচামালের পরিমাণ;

(গ) **"ইউটিলাইজেশন পারমিশন (ইউপি)"** অর্থ আইনের ধারা ১১৭ ও ধারা ১১৮ এর উদ্দেশ্য পূরণকল্পে, ওয়্যারহাউস পদ্ধতির আওতায় শুল্কমুক্তভাবে আমদানিকৃত ও যথাযথ প্রক্রিয়ায় ইন্টু-বন্ডকৃত কাঁচামাল দ্বারা পণ্য উৎপাদনের লক্ষ্যে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র;

(ঘ) **"কাঁচামাল"** অর্থ রপ্তানির লক্ষ্যে পণ্য উৎপাদনের জন্য আমদানিকৃত ও বিদ্যমান বিধি-বিধান অনুযায়ী স্থানীয় উৎস হইতে সংগৃহীত কাঁচামাল;

(ঙ) **“তফসিল”** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(চ) **“পরিদপ্তর”** অর্থ শুল্ক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর; এবং

(ছ) **“সহগ”** অর্থ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামালের বর্ণনা ও পরিমাণ সম্পর্কিত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ঘোষণাপত্র।

**৩। লাইসেন্স গ্রহণ।-** সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠানকে এই বিধিমালার অধীন প্রদত্ত সুবিধা ভোগ করিবার নিমিত্ত আইনের ধারা ১২ এবং ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর আওতায় ওয়্যারহাউস লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে।

**৪। আমদানি প্রাপ্যতা।-** লাইসেন্স প্রদানের সময় শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম সবিস্তারে তদন্ত করিয়া সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ বিধিমালা, ২০২৪ এ বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক কাঁচামালের বার্ষিক আমদানি প্রাপ্যতা, এককালীন বন্ডিং ক্যাপাসিটি নির্ধারণপূর্বক ওয়্যারহাউস লাইসেন্সে লিপিবদ্ধ করিতে হইবে।

**৫। ওয়্যারহাউসের ধারণ ক্ষমতা ও এককালীন বন্ডিং ক্যাপাসিটি।-** ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ অনুযায়ী ওয়্যারহাউসের ধারণ ক্ষমতা ও এককালীন বন্ডিং ক্যাপাসিটি নিরূপিত হইবে এবং এতদসংশ্লিষ্ট বিষয়াদি ব্যবস্থিত হইবে।

**৬। কাঁচামাল আমদানি।-** (১) লাইসেন্স গ্রহণকালে এবং পরবর্তীতে সময় সময় লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে লাইসেন্সে সংযোজিত ও হালনাগাদ প্রাপ্যতা আদেশে অন্তর্ভুক্ত কাঁচামাল (এইচএস কোডসহ) ও আনুষঙ্গিক দ্রব্যাদি ওয়্যারহাউস পদ্ধতির অধীন শুল্ককরমুক্তভাবে আমদানি করা যাইবে:

তবে শর্ত থাকে যে, এককালীন বন্ডিং ক্যাপাসিটির অতিরিক্ত পণ্য আমদানি করা যাইবে না।

(২) প্রযোজ্য ক্ষেত্রে সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ বিধিমালা, ২০২৪ এর অধীন, সময় সময়, প্রদত্ত প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানিকৃত কাঁচামাল ওয়্যারহাউস পদ্ধতির অধীন শুল্ককরমুক্তভাবে খালাস প্রদান করা যাইবে।

(৩) ওয়্যারহাউস সুবিধার আওতায় শুল্ককরমুক্তভাবে কাঁচামাল আমদানিকালে প্রতিষ্ঠানের হালনাগাদ সাধারণ বন্ড থাকিতে হইবে।

(৪) শুল্কায়ন কর্মকর্তা কর্তৃক ছাড়কৃত পণ্যের পরিমাণ প্রাপ্যতার পত্র বা আদেশ হইতে বিয়োজন করিয়া যথাস্থানে নামীয় সিলমোহরসহ স্বাক্ষর প্রদান করিতে হইবে।

**৭। বন্ড রেজিস্ট্রার।-** প্রত্যেক ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে তফসিল-১ অনুযায়ী ২ (দুই) কপি করিয়া বন্ড রেজিস্ট্রার সংরক্ষণ করিতে হইবে যাহার একটি কপি ওয়্যারহাউসে ও অপর কপি বন্ড অফিসারের নিকট থাকিবে।

**৮। কাঁচামাল ইন্টু বন্ড।-** (১) কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন হইতে বিধি-৬ অনুযায়ী খালাসকৃত পণ্যচালান ছাড়করণের তারিখ (অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এক্সিট নোট ইস্যুর তারিখ) হইতে পরবর্তী ৫ (পাঁচ) দিনের মধ্যে প্রতিষ্ঠানের অনুমোদিত ওয়্যারহাউসে প্রবেশ নিশ্চিত করিতে হইবে।

(২) স্থানীয় উৎস হইতে বিদ্যমান বিধি-বিধান অনুযায়ী সংগৃহীত কাঁচামালও অনুরূপভাবে ইন্টু বন্ড করিতে হইবে।

(৩) পণ্যচালান ওয়্যারহাউসে প্রবেশকালে প্রতিষ্ঠানের দুই কপি বন্ড রেজিস্টারে ইন্টু বন্ড করতঃ বন্ড অফিসার কর্তৃক নামীয় সীলমোহরসহ স্বাক্ষরিত হইতে হইবে।

(৪) যুক্তিসঙ্গত কারণে পণ্য খালাসের ৫ (পাঁচ) দিনের মধ্যে ইন্টু বন্ড করিতে ব্যর্থ হইলে কমিশনারের নিকট সময় বৃদ্ধির আবেদন করা হইলে কমিশনার সর্বোচ্চ ৭ (সাত) দিন সময় মঞ্জুর করিতে পারিবেন।

**৯। উপকরণ-উৎপাদ সহগ।-** (১) ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে প্রয়োজনীয় সকল দলিলাদিসহ পরিদপ্তরের মহাপরিচালক বরাবর উপকরণ-উৎপাদ সহগের (Input Output Co-efficient) জন্য আবেদন দাখিল করিতে হইবে।

(২) মহাপরিচালক উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যাচাই-বাছাইপূর্বক সহগ প্রদান করিবে এবং উহা পরিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করিয়া অনুলিপি সংশ্লিষ্ট কমিশনারেট ও আবেদনকারী প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করিতে হইবে।

(৩) সাধারণভাবে সহগ প্রাপ্তির পর সহগসহ ইউপির আবেদন করিতে হইবে, তবে যুক্তিসঙ্গত কারণে কোনো ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান সহগ দাখিল করিতে ব্যর্থ হইলে সমজাতীয় সহগের ভিত্তিতে পরিদপ্তরে আবেদনপত্র গৃহীত হইবার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত ইউপি জারি করা যাইবে।

**১০। ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) গ্রহণ।-** (১) পোশাক শিল্প প্রতিষ্ঠান ব্যতীত সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রত্যেক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ওয়্যারহাউসে ইন্টু বন্ডকৃত কাঁচামাল দ্বারা পণ্য উৎপাদনের পূর্বে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট লাইসেন্স ইস্যুকারী দপ্তর হইতে ইউটিলাইজেশন ডিক্লেয়ারেশন (ইউডি) বা ইউপি এর বিপরীতে তফসিল-২ অনুযায়ী ইউপি গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সকল প্রকার যুগপৎ সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক পোশাক শিল্প প্রতিষ্ঠানকে তাহাদের প্রচ্ছন্ন রপ্তানির ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউপি গ্রহণ করিতে হইবে।

(২) ইউপি অনুমোদনের ক্ষেত্রে মাস্টার ঋণপত্র এর সহিত ব্যাক টু ব্যাক ঋণপত্র সরাসরি সম্পর্কযুক্ত হইতে হইবে।

(৩) ইউপি প্রাপ্তির লক্ষ্যে কাস্টমস বন্ড কমিশনারেট অথবা সংশ্লিষ্ট কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট অথবা সংশ্লিষ্ট কাস্টম হাউসে ইউপি শাখার দায়িত্বপ্রাপ্ত

অ্যাসিস্টেন্ট কমিশনার বা ডেপুটি কমিশনার বরাবর লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত দলিলাদিসহ আবেদন দাখিল করিতে হইবে: যথা:-

(ক) ক্রেতা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সরবরাহ আদেশ ও ঋণপত্রের কপি;

(খ) অনুমোদিত সহগের কপি;

(গ) প্রচ্ছন্ন রপ্তানির ক্ষেত্রে সরাসরি রপ্তানিকারকের নিকট হইতে প্রাপ্ত মাস্টার ঋণপত্র ও ইউডি/ইউপি এর কপি;

(ঘ) সরবরাহ গ্রহণকারী প্রতিষ্ঠান BEPZA/BEZA এর অধিভুক্ত প্রতিষ্ঠান হইলে ইউডি/ইউপি এর পরিবর্তে BEPZA/BEZA কর্তৃক ইস্যুকৃত ইমপোর্ট পারমিট (আইপি) এর কপি;

(ঙ) হালনাগাদ জেনারেল বন্ডের কপি;

(চ) ইএক্সপি (সরাসরি রপ্তানিকারকের ক্ষেত্রে) এর কপি;

(ছ) প্রোফরমা ইনভয়েস এর কপি;

(জ) প্রাপ্যতা আদেশের কপি; এবং

(ঝ) বন্ড রেজিস্ট্রারের সংশ্লিষ্ট পৃষ্ঠার ফটোকপি।

(৪) রপ্তানি ঋণপত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার এবং জাহাজীকরণের সর্বশেষ তারিখের অন্তত ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা পূর্বে ইউপির আবেদন দাখিল করিতে হইবে।

(৫) একটি ইউপিতে সর্বোচ্চ ৫ (পাঁচ) টি ব্যাক টু ব্যাক ঋণপত্র অন্তর্ভুক্ত করা যাইবে।

(৬) যথাযথ কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত দলিলাদি যাচাই করিয়া, বিশেষত বাংলাদেশ ব্যাংকের অনলাইন মনিটরিং সিস্টেম হইতে ঋণপত্র ও এক্সপোর্ট পারমিশন (ইএক্সপি), সংশ্লিষ্ট কমিশনারেটের ওয়েবসাইট হইতে প্রাপ্যতা ও ইউপি এবং বিজিএমইএ ও বিকেএমইএ এর অনলাইন ইউডি সিস্টেম হইতে ইউডি যাচাই করিয়া সঠিক প্রাপ্তি সাপেক্ষে সুপারিশসহ ইউপি শাখার দায়িত্বপ্রাপ্ত অ্যাসিস্টেন্ট কমিশনার বা ডেপুটি কমিশনার বরাবর পেশ করিবেন।

(৭) উপ-বিধি (৬) অনুযায়ী পেশকৃত ইউডি অ্যাসিস্টেন্ট কমিশনার বা ডেপুটি কমিশনার কর্তৃক সুপারিশ যথাযথ বিবেচিত হইলে তিনি ইউপি অনুমোদন করিবেন।

(৮) ইউপিতে মূল্য সংযোজনের হার উল্লেখ করিতে হইবে এবং এই মূল্য সংযোজনের হার ১৫ (পনের) শতাংশের কম হইবে না।

(৯) অনুমোদিত ইউপি সংশ্লিষ্ট কমিশনারেটের ওয়েবসাইটে আপলোড করিতে হইবে এবং একই সঙ্গে উহার অনুলিপি সকল কাস্টম হাউস, কাস্টমস স্টেশন ও প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংকে প্রেরণ করিতে হইবে।

(১০) অনুমোদিত ইউপি অনুযায়ী কাঁচামাল বন্ড রেজিস্ট্রারে এক্স বন্ড করিয়া রপ্তানিতব্য পণ্য উৎপাদনের লক্ষ্যে ওয়্যারহাউস হইতে বাহির করিতে হইবে।

**১১। উৎপাদিত পণ্য রপ্তানি।-** (১) সরাসরি রপ্তানিকারক কর্তৃক অনুমোদিত ইউপি অনুযায়ী কাঁচামাল ব্যবহার করিয়া উৎপাদিত পণ্য বিদ্যমান বিধি-বিধান অনুযায়ী সংশ্লিষ্ট কাস্টম হাউস অথবা কাস্টমস স্টেশনের মাধ্যমে যথাযথ প্রক্রিয়ায় বিল অব এক্সপোর্ট প্রক্রিয়াকরণের মাধ্যমে জাহাজীকরণ সম্পন্ন করিতে হইবে।

(২) জাহাজীকরণের পর কাস্টমস কম্পিউটার সিস্টেমে প্রস্তুতকৃত এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (EGM) এর কপি ও বিল অব এক্সপোর্ট (শিপিং বিল) এর কপিসহ সকল রপ্তানি দলিলাদি প্রতিষ্ঠানকে নিরীক্ষার লক্ষ্যে সংরক্ষণ করিতে হইবে।

(৩) প্রচ্ছন্ন রপ্তানিকারক কর্তৃক ইউপি নম্বর, ব্যাক টু ব্যাক এলসি নম্বর, সরাসরি রপ্তানিকারকের ইউডি অথবা আইপি অথবা ইউপি নম্বর মূসক চালানের খালি স্থানে লিপিবদ্ধ করিয়া ও চালানে নির্ধারিত অন্যান্য তথ্য পূরণ করিয়া মূসক চালান ইস্যুপূর্বক উৎপাদিত পণ্য সরবরাহ করিতে হইবে।

(৪) মূসক চালানসহ রপ্তানির স্বপক্ষে অন্যান্য দলিলাদি পরবর্তী নিরীক্ষার লক্ষ্যে সংরক্ষণ করিতে হইবে।

(৫) ফরেন ডিমান্ড ড্রাফট (এফডিডি) এর অনুলিপি, প্রসিড রিয়েলাইজেশন সার্টিফিকেট (পিআরসি) সহ রপ্তানি মূল্য প্রত্যাবসনের সপক্ষে দলিলাদি নিরীক্ষাকালে দাখিল করিতে হইবে।

**১২। যুগপৎ সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানি।-** (১) কোনো শিল্প প্রতিষ্ঠান একই সঙ্গে সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক হিসেবে ওয়্যারহাউস লাইসেন্স গ্রহণ করিতে পারিবে।

(২) সরাসরি কিংবা প্রচ্ছন্ন রপ্তানিকারক হিসাবে ওয়্যারহাউস লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান পরবর্তীতে লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে যুগপৎ সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক হিসাবে কার্যক্রম পরিচালনা করিতে পারিবে।

(৩) যুগপৎ সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক হিসেবে নতুন ওয়্যারহাউস লাইসেন্সের আবেদনের ক্ষেত্রে লাইসেন্সিং বিধিমালায় নির্দেশিত দলিলাদির অতিরিক্ত হিসেবে বিনিয়োগ বোর্ড ও সংশ্লিষ্ট অনুমোদিত এসোসিয়েশন (প্রযোজ্য ক্ষেত্রে) এর সুপারিশে "সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক" প্রতিষ্ঠান মর্মে উল্লেখ থাকিতে হইবে।

(৪) বিদ্যমান ওয়্যারহাউস লাইসেন্সে সরাসরি রপ্তানিকারকের পাশাপাশি প্রচ্ছন্ন রপ্তানিকারক কিংবা প্রচ্ছন্ন রপ্তানিকারক এর পাশাপাশি সরাসরি রপ্তানিকারকের সংযোজন করিয়া ওয়্যারহাউস লাইসেন্সের পরিস্থিতি পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট এসোসিয়েশনের সুপারিশ এবং বিনিয়োগ বোর্ড হইতে সংশোধনী গ্রহণ করিয়া লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিল করিতে হইবে।

(৫) বিনিয়োগ বোর্ডের সুপারিশের ভিত্তিতে উভয়বিধ কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহৃতব্য সকল উপকরণ ও উৎপাদিতব্য পণ্যের বিবরণ ও এইচএস কোড ওয়্যারহাউস লাইসেন্সে অন্তর্ভুক্ত করিয়া লইতে হইবে।

(৬) উপকরণের বার্ষিক আমদানি প্রাপ্যতা ঘোষিত মেশিনের উৎপাদন ক্ষমতার ভিত্তিতে সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ বিধিমালা, ২০২৪ অনুযায়ী এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের অনুকূলে জারীকৃত পরিদপ্তরের সহগ অনুযায়ী নির্ধারণ করিতে হইবে।

(৭) আমদানিকৃত বা সংগৃহীত সকল উপকরণ সংশ্লিষ্ট বন্ড অফিসারের তত্ত্বাবধানে ওয়্যারহাউসে ইন্টু বন্ড করিতে হইবে এবং ইউপির বিপরীতে ব্যবহৃত কাঁচামাল বন্ড রেজিস্টারে এক্সবন্ড করিতে হইবে।

(৮) সরাসরি ও প্রচ্ছন্ন উভয় প্রকার রপ্তানির ক্ষেত্রে ইউপি গ্রহণ বাধ্যতামূলক এবং পরিদপ্তরের অনুমোদিত সহগ ব্যতীত প্রচ্ছন্ন রপ্তানির লক্ষ্যে ইউপি ইস্যু করা যাইবে না।

(৯) সরাসরি রপ্তানির ক্ষেত্রে রপ্তানি ঋণপত্র, সেলস্ কন্ট্র্যাক্ট ও ইউডি এর ভিত্তিতে উপকরণ আমদানি করা হইলে তাহা পাশবইয়ে এবং বন্ড রেজিস্টারে এন্ট্রি করিতে হইবে এবং ইউপির বিপরীতে উপকরণের ব্যবহার নিশ্চিত করিয়া বন্ড রেজিস্টার ও পাশবইয়ে এন্ট্রি করিয়া এক্সবন্ডের মাধ্যমে রপ্তানি নিশ্চিত করিতে হইবে।

**১৩। বার্ষিক নিরীক্ষা।-** (১) শিল্প প্রতিষ্ঠান ওয়্যারহাউস লাইসেন্স প্রাপ্তির তারিখ হইতে ১ (এক) বৎসর অতিক্রান্ত হইলে, তফসিল-৩ অনুযায়ী উক্ত অতিক্রান্ত বৎসরের আমদানি-রপ্তানি বিবরণীসহ নিম্নবর্ণিত সহায়ক সকল দলিলাদি ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এ বর্ণিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারেটে দাখিল করিতে হইবে, যথা:-

(ক) সকল প্রকার লাইসেন্স ও পারমিটের হালনাগাদ কপি;

(খ) সহগ, প্রাপ্যতা, ইউপি, বিল অব এক্সপোর্ট, এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট, পিআরসি, এফডিডি, মূসক চালান (প্রযোজ্য ক্ষেত্রে);

(গ) বিদ্যুৎ ও গ্যাসসহ জ্বালানি বিলের কপি, যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে দায় দেনা বহনের অঙ্গীকারনামা;

(ঘ) বিদ্যমান মেশিনের তালিকা;

(ঙ) এইচএস কোডসহ অনুমোদিত ও আমদানিকৃত কাঁচামালের তালিকান;

(চ) কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা ও তাহাদের মাসিক বেতন বিবরণী; এবং

(ছ) নিজস্ব জায়গায় স্থাপিত কারখানার মালিকানা দলিল ও হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের প্রমাণক, ভাড়া জায়গার ক্ষেত্রে হালনাগাদ ভাড়ার চুক্তির কপি।

(২) দলিলাদি প্রাপ্তির পর ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এ উল্লিখিত সময় সীমার মধ্যে নিরীক্ষা সম্পাদন করিতে হইবে।

(৩) নিরীক্ষা প্রতিবেদনে পূর্ববর্তী মেয়াদের অব্যবহৃত কাঁচামালের বিবরণ, প্রাপ্ত রপ্তানি আদেশের সংখ্যা, তফসিল-৪ মোতাবেক ইউপি ভিত্তিক কাঁচামাল ব্যবহারের বিবরণী, তফসিল-৫ মোতাবেক রপ্তানি ঋণপত্র ও ব্যাক টু ব্যাক ঋণপত্র ভিত্তিক উৎপাদিত পণ্য সরবরাহ ও মূল্য প্রত্যাবসন সংক্রান্ত বিবরণী, মেয়াদান্তে অবশিষ্ট কাঁচামাল, বিদ্যুৎ বিল, রপ্তানি মূল্য, প্রত্যাবসিত ও অপ্রত্যাবসিত মূল্য, পরিদপ্তরের সহগ ভিত্তিক কনজাম্পশন ও অপচয়, ইত্যাদি মৌলিক তথ্যাদি নিরীক্ষা প্রতিবেদনে উপস্থাপন করিতে হইবে।

(৪) নিরীক্ষার জন্য দাখিলতব্য দলিলাদি ও নিরীক্ষা প্রতিবেদন প্রণয়ন বিষয়ে সংশ্লিষ্ট কমিশনারেট প্রয়োজন হইলে খাত ভিত্তিক পৃথক আদেশ জারি করিতে পারিবেন।

(৫) যথাসময়ে নিরীক্ষার দলিলাদি দাখিলে ব্যর্থ হইলে আইন ও ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ অনুযায়ী আইনানুগ কার্যক্রম গৃহীত হইবে।

**১৪। বন্ড অটোমেশন সিস্টেমে কার্যক্রম পরিচালনা।-** এই বিধিমালায় বর্ণিত সকল কিংবা নির্দিষ্টকৃত কোনো কার্যক্রম কাস্টমস বন্ড অটোমেশন সিস্টেমে সম্পাদন করা যাইবে।

**১৫। রহিতকরণ ও হেফাজত।-** (১) এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে জাতীয় রাজস্ব বোর্ড এবং বন্ড কমিশনার অব কাস্টমস (বন্ড) বা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস কর্তৃক জারীকৃত বিদ্যমান এতদ্‌সংক্রান্ত সকল প্রজ্ঞাপন, আদেশ, সিদ্ধান্ত এবং অনুরূপ দলিলাদি এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ বিধি-১ এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত প্রজ্ঞাপন, আদেশ, সিদ্ধান্ত এবং অনুরূপ দলিলাদির অধীন-

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত বা সূচিত কোনো কার্যধারা বা মামলা অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা যতদূর সম্ভব রহিত প্রজ্ঞাপন, আদেশ, সিদ্ধান্ত এবং অনুরূপ দলিলাদির অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা প্রণীত হয় নাই।

[তফসিল-১]
[বিধি ৭ দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

## বন্ড রেজিস্ট্রার

১। শিল্প প্রতিষ্ঠানের নাম ও ব্যবসা শনাক্তকরণ নম্বর (BIN):

২। ঠিকানা:

৩। বন্ড রেজিস্ট্রার নম্বর:

৪। ওয়্যারহাউস লাইসেন্স নম্বর:

৫। বন্ড রেজিস্ট্রারের পৃষ্ঠা সংখ্যা:

৬। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে স্বাক্ষর:

| বিল অব এন্ট্রি নম্বর ও তারিখ | আমদানি কাস্টম হাউস/ স্টেশনের নাম | পণ্যচালান কাস্টম হাউস/ স্টেশন হইতে ছাড়করণের তারিখ (এক্সিট নোট এর তারিখ) | এলসি নং ও তারিখ | এইচএস কোড | পণ্যের বাণিজ্যিক বর্ণনা | কাঁচামালের পরিমাণ | | | কাঁচামালের মোট মূল্য ইউএস ডলার/ অন্যান্য মুদ্রা | ইন্টু বন্ডের তারিখ | বন্ড অফিসারের স্বাক্ষর | এক্স বন্ডের তারিখ | এক্সবন্ডকৃত পণ্যের পরিমাণ | সমাপনী মজুদ | বন্ড অফিসারের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | কেজি | মিটার | গজ | | | | | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

[তফসিল-২]
[বিধি ১০(১) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ইস্যুকারী দপ্তর..........

**ইউটিলাইজেশন পারমিশন (ইউপি)**

বিষয়: **রপ্তানি/প্রচ্ছন্ন রপ্তানির জন্য ইউটিলাইজেশন পারমিশন (ইউপি)।**

সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী (পোশাক শিল্প ব্যতীত) শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ এর বিধান অনুযায়ী নিম্নবর্ণিত তথ্যাদি ও শর্ত সাপেক্ষে রপ্তানির লক্ষ্যে ক্রমিক নং-১১ এ উল্লিখিত পণ্য সরবরাহের অনুমতি প্রদান করা হইল, যথা:-

| | | |
|---|---|---|
| ১। ইউপি নং | : | |
| ২। বন্ডারের নাম ও ঠিকানা | : | |
| ৩। ওয়্যারহাউস লাইসেন্স নং | : | |
| ৪। ব্যবসা শনাক্তকরণ নম্বর | : | |
| ৫। বন্ডারের লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা | : | |
| ৬। ক্রেতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : | |

**৭। লোকাল ব্যাক টু ব্যাক এল/সি এর বিবরণ:**

| ক্র. নং | এল/সি নং ও তারিখ | ব্যাংকের নাম ও ঠিকানা | জাহাজীকরণের সর্বশেষ তারিখ ও এলসির মেয়াদ শেষ হওয়ার তারিখ | মোট পণ্যের পরিমাণ | মূল্য (মা: ডলার) | মাস্টার এলসি/আইপি/ সেলস কন্ট্রাক্ট নং ও তারিখ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

**৮। আমদানি এলসির বিবরণ:**

| ক্র. নং | এলসি নং ও তারিখ | বি/ই নং ও তারিখ | আমদানি কৃত পণ্যের বিবরণ | এইচএস কোড | পণ্যের পরিমাণ ও মূল্য (কেজি/ মা: ড:) | পূর্বে ব্যবহৃত পণ্যের পরিমাণ ও মূল্য (কেজি/ মা: ড:) | বর্তমান মজুদের পরিমাণ ও মূল্য (কেজি/ মা: ড:) | এই ইউপিতে ব্যবহৃত পরিমাণ ও মূল্য (কেজি/ মা: ড:) | অবশিষ্ট পণ্যের পরিমাণ ও মূল্য (কেজি/ মা: ড:) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

**৯। মজুদ সম্পর্কিত তথ্যাদি:**

| ক্র. নং | কাঁচামালের নাম | আমদানি প্রাপ্যতা (কেজি) | পূর্বের জের (যদি থাকে) (কেজি) | চলতি মেয়াদে আমদানির পরিমাণ (কেজি) | পূর্বের জেরসহ কাঁচামালের পরিমাণ (কেজি) | পূর্বে ব্যবহৃত কাঁচামালের পরিমাণ (কেজি) | বর্তমান মজুদ কাঁচামালের পরিমাণ (কেজি) | এই ইউপিতে কাঁচামালের পরিমাণ (কেজি) | অবশিষ্ট কাঁচামালের পরিমাণ (কেজি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

**১০। এককালীন বন্ডিং ক্যাপাসিটি: ..................... মে: টন (মজুদ বাদে)।**

**১১। ইউডি/আইপির বর্ণনা অনুযায়ী প্রতিষ্ঠান ওয়ারী রপ্তানিতব্য ও উৎপাদিত পণ্যের বিবরণ:**

| ক্র. নং | ক্রেতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ইউডি/ইউপি/ইএক্সপি/আইপি নম্বর ও তারিখ | উৎপাদিত পণ্যের বিবরণ | ইউডি/ইউপি/আইপি তে চাহিত আনুষঙ্গিক দ্রব্যের বিবরণ |
|---|---|---|---|---|
| | | | | |

**১২। পরিদপ্তর কর্তৃক সর্বশেষ (................ তারিখে) ইস্যুকৃত সহগ অনুযায়ী ব্যবহৃত কাঁচামাল সংক্রান্ত তথ্যাদি:**

| ক্র. নং | ক্রেতার নাম | উৎপাদিত পণ্যের বিবরণ | পণ্যের পরিমাণ | কাঁচামালের নাম | প্রতি এককের ওজন (কেজি) | ব্যবহৃত কাঁচামালের পরিমাণ (কেজি) | অপচয়ের শতকরা হার | প্রতি এককে অপচয়ের পরিমাণ (কেজি) | অপচয়সহ ব্যবহৃত কাঁচামালের মোট পরিমাণ (কেজি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

**১৩। ব্যবহৃত কাঁচামালের বিবরণ:**

| ক্র. নং | কাঁচামালের নাম | পরিমাণ (কেজি) | মূল্য (মা: ড:) |
|---|---|---|---|
| | | | |

১৪। (ক) রপ্তানিকৃত পণ্যের মোট পরিমাণ:

(খ) রপ্তানি মূল্য:

(গ) ব্যবহৃত কাঁচামালের আমদানি মূল্য:

(ঘ) স্থানীয়ভাবে মূল্য সংযোজনের হার:

১৫। **নিম্নোক্ত শর্ত পালন সাপেক্ষে ইউপি ইস্যু করা হইল:**

(ক) কোনো আমদানি নিষিদ্ধ কাঁচামাল এই ইউপির আওতায় খালাস যোগ্য হইবে না;

(খ) ভবিষ্যতে মাস্টার এলসি, ইউডি পরীক্ষাকালে ও অন্যান্য তদন্তে কোনো গরমিল বা অনিয়ম দেখা গেলে উহার দায়-দায়িত্ব লাইসেন্সিকে বহন করিতে হইবে;

(গ) স্থানীয়ভাবে ওয়্যারহাউস হইতে কাঁচামাল ক্রয় বা সংগ্রহ ব্যাক টু ব্যাক ঋণপত্র এর মাধ্যমে সম্পন্ন করিতে হইবে এবং স্থানীয় বাজার থেকে ক্রয়কৃত কাঁচামালের সপক্ষে মূসক চালান এর কপি দাখিল করিতে হইবে;

(ঘ) উৎপাদনে ব্যবহারের অনুপযোগী কাঁচামালের হিসাব আলাদাভাবে সংরক্ষণ করিতে হইবে এবং স্থানীয় বাজারে বিক্রি করিতে হইলে কাস্টমস কর্তৃপক্ষের

অনুমতি সাপেক্ষে উহার উপর আরোপিত শুল্ক ও অন্যান্য করাদি (যদি থাকে) পরিশোধ করিতে হইবে;

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে, ক্রেতার পাশ বইয়ে পণ্য এন্ট্রি করিতে হইবে; এবং

(চ) পরিদপ্তর কর্তৃক অনুমোদিত সহগ নথি নং................................., তারিখ: ........................ এর আলোকে এই ইউপি ইস্যু করা হইল।

প্রাপক: ব্যবস্থাপনা পরিচালক

............................

............................

অ্যাসিস্টেন্ট কমিশনার/ডেপুটি কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
..........................

নথি নং.................................... তারিখ: ................

**১৬। অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

(১) অ্যাডিশনাল /জয়েন্ট কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, … …......................।

(২) বন্ড অফিসার/রাজস্ব কর্মকর্তা, সার্কেল-........, বিভাগ..........., কাস্টমস বন্ড কমিশনারেট, ..................। সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তাকে প্রতিষ্ঠানের সহগ ও বর্ণিত শর্তাদি এবং ক্রেতার চাহিদা মোতাবেক পণ্য উৎপাদন ও রপ্তানি হচ্ছে কিনা তা নিশ্চিত হইয়া জেসি/এডিসি (ইউপি) কে অবহিত করিবেন। প্রতিদিনের ইউপি কপি সহকারী রাজস্ব কর্মকর্তার অনুপস্থিতিতে রাজস্ব কর্মকর্তা গ্রহণ করে প্রয়োজনীয় কার্যক্রমের জন্য নির্দেশনা প্রদান করিবেন।

(৩) ইউপি গ্রহণকারীর লিয়েন ব্যাংক, (ক) ............................। তাহার সত্যায়িত এলসির ভিত্তিতে ইউপি ইস্যু করা হইল। ইউপি, এল/সি, মাস্টার এল/সি, পি.আই এর সহিত যাচাইপূর্বক পণ্যের পরিমাণ ও মূল্যসহ অন্য কোনো গরমিল বা অনিয়ম পরিলক্ষিত হইলে এই দপ্তরকে দ্রুত জানানোর জন্য অনুরোধ করা হইল (কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ৭ দ্রষ্টব্য)।

(৪) পণ্যের ক্রেতার ব্যাংক: ...............................। আপনার ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ঋণপত্র বা অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের বিপরীতে এই ইউপি জারি করা হইল। আপনার ব্যাংকে সংরক্ষিত তথ্যের সহিত ইউপিতে বর্ণিত পণ্যের পরিমাণ, মূল্যসহ অন্যান্য তথ্যের কোনো গরমিল পরিলক্ষিত হইলে তাৎক্ষণিকভাবে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করিবার জন্য অনুরোধ করা হইল (কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ৭ দ্রষ্টব্য)।

(৫) অ্যাসিস্ট্যান্ট কমিশনার, ..........................।

(৬) অফিস কপি।

সহকারী রাজস্ব কর্মকর্তা (বন্ড)
উপ কমিশনারের পক্ষে

[তফসিল-৩]
[বিধি ১৩(১) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

**ছক-ক: সরাসরি (পোশাক শিল্প ব্যতীত) রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি-রপ্তানি বিবরণী:**

১। শিল্প প্রতিষ্ঠানের নাম ও ব্যবসা শনাক্তকরণ নম্বর (BIN):

২। ঠিকানা:

৩। ওয়্যারহাউস লাইসেন্স নম্বর:

৪। .............. তারিখ হইতে ............ তারিখ পর্যন্ত আমদানি-রপ্তানি বিবরণী:

| সেলস কন্ট্রাক্ট/রপ্তানি এলসি | ইউপি নং ও তারিখ | ইউপিতে অনুমোদিত কাঁচামালের বিবরণ ও পরিমাণ | আমদানিকৃত কাঁচামালের বিবরণ | | | | স্থানীয় উৎস হইতে সংগৃহীত কাঁচামালের পরিমাণ | | | | শিপিং বিল নং ও তারিখ | রপ্তানিকৃত পণ্যের পরিমাণ (কেজি ও সংখ্যা) | মজুদ পণ্যের পরিমাণ (কেজি ও সংখ্যা) | মোট রপ্তানি মূল্য | প্রত্যাবাসিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | এলসি নং ও তারিখ | কাঁচামালের বর্ণনা | মূল্য | পরিমাণ (কেজি ও সংখ্যা) | বিবি এলসি নং ও তারিখ | কাঁচামালের বর্ণনা | মূল্য | পরিমাণ (কেজি ও সংখ্যা) | | | | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) | (১৭) |
| | | | | | | | | | | | | | | | | |

## ছক-খ: প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি-রপ্তানি বিবরণী:

১।  শিল্প প্রতিষ্ঠানের নাম ও ব্যবসা শনাক্তকরণ নম্বর (BIN):

২।  ঠিকানা:

৩।  ওয়্যারহাউস লাইসেন্স নম্বর:

৪।  ................. তারিখ হইতে .............. তারিখ পর্যন্ত আমদানি-রপ্তানি বিবরণী:

| ইউপি নং ও তারিখ | বিবিএলসি নং | ইউপিতে অনুমোদিত কাঁচামালের বিবরণ ও পরিমাণ | আমদানিকৃত কাঁচামালের বিবরণ | | | | স্থানীয় উৎস হইতে সংগৃহীত কাঁচামালের পরিমাণ | | | | উৎপাদিত পণ্যের বিবরণ | সরবরাহকৃত পণ্যের পরিমাণ | সরবরাহ গ্রহীতার নাম ও ঠিকানা | মোট রপ্তানি মূল্য | প্রত্যাবাসিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | এলসি নং ও তারিখ | কাঁচামালের বর্ণনা | মূল্য | পরিমাণ | বিবিএলসি নং/মূসক চালান নং ও তারিখ | কাঁচামালের বর্ণনা | মূল্য | পরিমাণ | | | | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) | (১৭) |
| | | | | | | | | | | | | | | | | |

[তফসিল-৪]
[বিধি ১৩(৩) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

**ইউপি ভিত্তিক কাঁচামাল ব্যবহার বিবরণী:**

| ক্র. নং | ইউপি নং ও তারিখ | উৎপাদিত পণ্যের নাম | উৎপাদিত পণ্যের পরিমাণ | ব্যবহৃত কাঁচামালের নাম ও পরিমাণ (কাঁচামালের সংখ্যা অনুযায়ী কলাম সংখ্যা কম-বেশি করা যাইবে) | | | পরিদপ্তরের সহগ মোতাবেক ব্যবহৃত হইয়াছে কিনা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |

[তফসিল-৫]
[বিধি ১৩(৩) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

**প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের ইউপি বিবিএলসি ভিত্তিক পণ্য সরবরাহ ও মূল্য প্রত্যাবাসন সম্পর্কিত তথ্য বিবরণী:**

| ক্র. নং | ইউপি নং ও তারিখ | বিবিএলসি নং ও তারিখ | বিবিএলসি মূল্য | | রপ্তানিকৃত/ সরবরাহকৃত পণ্যের বর্ণনা | রপ্তানিকৃত/ সরবরাহকৃত পণ্যের পরিমাণ | সরবরাহ চালান/ মূসক চালান নং ও তারিখ | সরবরাহ গ্রহীতা/ সরাসরি রপ্তানিকারকের নাম ও ঠিকানা | সরাসরি রপ্তানিকারকের বিন নং | সরাসরি রপ্তানিকারকের মাস্টার এলসি নং ও তারিখ | মাস্টার এলসি মূল্য | | সরাসরি রপ্তানিকারকের ইউডি/আইপি/ ইউপি নং ও তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট মূল্য | প্রত্যাবাসিত মূল্য | | | | | | | মোট মূল্য | প্রত্যাবাসিত মূল্য | |
| | | | | | | | | | | | | | |

**রাষ্ট্রপতির**
**আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ**
**রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**